



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-২৫/২০১৫/১১৫৮১

তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩০ ব.
২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

বিষয়: গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: ০১. অধ্যক্ষের আবেদন, স্মারক নং: গফামা ফাজিল প্রশা/গ.ব/ব্যখ্যা/২০২৩-৫৯৬, তারিখ: ২০.০৮.২০২৩খ্রি.


০২. সভাপতির ব্যাখ্যা, তারিখ: ২৪.০৮.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩.০৮.২০২৩খ্রি. তারিখে গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদরাসা, হাইমচর, চাঁদপুর-এর গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রদান করে পত্র জারি করা হয়। মাদরাসা থেকে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই করে দেখা যায় যে, সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন পাওয়ার পর সভাপতির সম্মতিক্রমে অধ্যক্ষ গত ১১.০৬.২০২৩খ্রি. তারিখে গভর্নিং বডি'র ১ম সভা আহ্বান করেন কিন্তু গভর্নিং বডি'র সকল সদস্য সম্মিলিতভাবে সভাপতি জনাব মোঃ সলিম উল্ল্যাহ কে পদত্যাগ করার দাবি করলে সভাটি কোনো সিদ্ধান্ত ছাড়া শেষ হয়। পুনরায় অধ্যক্ষ গত ১৩.০৬.২০২৩খ্রি. তারিখে জনাব মোঃ ফজলুল কবির, বিদ্যোৎসাহী সদস্য এর সভাপতিত্বে আরেকটি সভা আহ্বান করেন। উক্ত সভায় উপস্থিত গভর্নিং বডি'র সকল সদস্য সর্ব সম্মতিক্রমে সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করেন। এছাড়াও মাদরাসার শিক্ষকবৃন্দ এবং অভিভাবকবৃন্দও মনোনীত সভাপতির বিরুদ্ধে লিখিতভাবে অনাস্থা পত্র বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করেছেন।

এই অবস্থায় অধ্যক্ষ ১৯.০৬.২০২৩খ্রি. তারিখে সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধির মনোনয়ন পরিবর্তন করে পুনরায় সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক সার্বিক বিবেচনায় মাদরাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গভর্নিং বডি'র সভাপতি হিসেবে জনাব মোঃ সলিম উল্ল্যাহ (গ্রাম: দক্ষিণ আলগী, ডাকঘর: আলগী বাজার, হাইমচর, চাঁদপুর) এর মনোনয়ন বাতিল করে তদস্থলে জনাব মোঃ ইমাম হোসেন (পিতা: আবদুস সালাম, গ্রাম: গভামারা, ডাকঘর: গভামারা, হাইমচর, চাঁদপুর) কে সভাপতি মনোনয়ন প্রদান করা হলো।

একই সাথে বিদ্যোৎসাহী প্রতিনিধি জনাব মোঃ আবু বকর ছিদ্দিক (গ্রাম: ছোট লক্ষ্মীপুর, ডাকঘর: আলগী বাজার, হাইমচর, চাঁদপুর) পদত্যাগ করার তদস্থলে অধ্যক্ষ মহোদয়ের প্রস্তাব অনুযায়ী জনাব মোঃ শাহজাহান পাটওয়ারী (পিতা: মৃত আঃ জলিল পাটওয়ারী, গ্রাম: গভামারা, ডাকঘর: গভামারা, হাইমচর, চাঁদপুর) কে বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করা হলো। এ মনোনয়ন বিশ্ববিদ্যালয়ের স্বার্থে বিধি মোতাবেক পরিবর্তন/বাতিল করা যাবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

 ২৭.০৯.২০২৩

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫৪০৮০০১

প্রাপক

অধ্যক্ষ

গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদরাসা

হাইমচর, চাঁদপুর।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-২৫/২০১৫/১১৫৮১ (৬)

তারিখ: ২৭.০৯.২০২৩খ্রি.

সদস্য অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।

৩। জনাব মোঃ ইমাম হোসেন, সভাপতি, গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদরাসা।


৪। জনাব মোঃ শাহজাহান পাটওয়ারী, বিদ্যোৎসাহী প্রতিনিধি, গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদরাসা।

৫। জনাব মোঃ সলিম উল্ল্যাহ, সাবেক সভাপতি, গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদরাসা।

৬। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদস্য অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৭। আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৮। সংশ্লিষ্ট নথি।

 ২৭.৯.২০২৩

(ড. মোঃ আবু হানিফা)

উপ-রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫৪০৮০০৪